

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
(আইসিটি-১ শাখা)
www.sid.gov.bd

বিষয়: ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ আনোয়ার উল্লাহ, এফসিএমএ
যুগ্মসচিব (প্রশাসন) ও আহ্বায়ক (কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ : ২৩/১০/২০২২ খ্রি. ও ২৫/১০/২০২২ খ্রি.
সময় : দুপুর ০২.০০ মিনিট ও বিকেল ০৩.০০ মিনিট
স্থান : সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে মহতী পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এপর্যায়ে তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় “৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়” বিষয়ে প্রস্তুত খসড়া কর্মপরিকল্পনা সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

০২। সদস্যসচিব “৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে প্রস্তুত খসড়া কর্মপরিকল্পনা” সভায় উপস্থাপন করেন। এসময় ইনোভেশন টিমের সদস্যগণ ও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত গঠিত কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করে কিছু সংযোজন-বিরোধ, সংশোধন ও পরিমার্জন শেষে প্রস্তুত কর্মপরিকল্পনায় কমিটির সদস্যগণ স্বাক্ষর করেন।

০৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে প্রস্তুত কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করা হয়। এতে কমিটির সদস্যগণের স্বাক্ষরের সিদ্ধান্ত হয়।

(খ) কর্মপরিকল্পনাটি ৩১/১০/২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।

০৪। অবশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(ড. মোঃ আনোয়ার উল্লাহ, এফসিএমএ)
যুগ্মসচিব (প্রশাসন)

ও

আহ্বায়ক (কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ


নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২২-৮০

তারিখ:-

২৭ অক্টোবর ২০২২

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (১) অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (২) যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (৪) উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা/এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (৫) সিস্টেম অ্যানালিস্ট (আইসিটি অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (৬) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় ও সংস্কার শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৬) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-১ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (৮) অফিস কপি।


২৭/১০/২০২২

(মুঃ ওয়াহিদ মুরাদ)

প্রোগ্রামার

ও

সদস্যসচিব (ইনোভেশন টিম ও কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ